

সভার নাম : “ মা ও শিশু সহায়তা কর্মসূচী সংক্রান্ত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী :  
 সভাপতির নাম : ফৌজিয়া নাজনীন, উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ।  
 সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।  
 সভার তারিখ : ২৬/১১/২০২৩ ইং।


সময় : বেলা ১০.০০ ঘটিকা।

**সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দের স্বাক্ষর পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন সংযোজন বিয়োজন না থাকায় তা দৃঢ়করণ করা হয়। মা ও শিশু সহায়তা কর্মসূচীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| আলোচনা  | সিদ্ধান্ত  | বাস্তবায়ন  |
|---|--|---|
| <p><b>২০২৩-২০২৪ অর্থ বছরে ভাতাভোগী নির্বাচন সংক্রান্ত</b><br/>           মহিলা বিষয়ক কর্মকর্তা ২০২৩-২০২৪ অর্থ বছরে ভাতাভোগী নির্বাচন সংক্রান্ত পরিপত্রটি পাঠ করে শুনান।<br/>           ভাতাভোগী নির্বাচনের শর্তাবলী যথাযথভাবে পূরণ করার বিষয়ে সকল ইউপি চেয়ারম্যান সাহেবদের অনুরোধ জানান।<br/> <b>শর্তাবলী :</b><br/>           ক) আবেদন করার সময় আবেদনকারী ০৪-০৬ মাসের গর্ভাবস্থায় থাকবেন।<br/>           খ) এন.আই.ডি কার্ড (জাতীয় পরিচয়পত্র)<br/>           গ) আবেদনকারী অবশ্যই ২০-৩৫ বছর বয়স হতে হবে।<br/>           ঘ) আবেদনকারী অবশ্যই প্রথম ও দ্বিতীয় গর্ভাবস্থা হতে হবে।<br/>           ঙ) স্বাস্থ্য পরিবার পরিকল্পনা/পরিবার পরিকল্পনা দপ্তর প্রদত্ত এ.এন.সি কার্ড<br/>           চ) নিজ নামে নিবন্ধিত মোবাইল থাকতে হবে।<br/>           ছ) নিজস্ব মোবাইল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং/অনলাইন ব্যাংক একাউন্টসহ আবেদন করবেন।<br/> <b>প্রতি মাসের বরাদ্দ সংক্রান্ত</b><br/>           প্রতিমাসে ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে আবেদন গ্রহণ অবশ্যই প্রতিমাসের ১-২০ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবেও প্রাপ্ত আবেদন ২০-২৫ তারিখের মধ্যে ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে স্বাস্থ্য পরিবার পরিকল্পনা ও পরিবার পরিকল্পনা দপ্তরের সাথে তথ্য আবশ্যিকভাবে যাচাই বাছাই পূর্বক ইউনিয়ন/পৌরসভা কমিটির মাধ্যমে প্রাপ্ত প্রাথমিক তালিকা উপজেলা কমিটির নিকট প্রেরণ করবেন।<br/>           ২০২২-২০২৪ অর্থ বছরে প্রতি ইউনিয়নে মাসিক বরাদ্দ ০৬জন।<br/>           পৌরসভার জন্য বরাদ্দ প্রতি মাসে ১৩ জন।<br/> <b>ব্যাংক একাউন্ট ও অন্যান্য তথ্য নির্ভুলভাবে এন্ট্রি করণ</b><br/>           আবেদন করার সময় আবেদনকারীর সকল তথ্য নির্ভুলভাবে ডাটা এন্ট্রি করতে হবে। ব্যাংক হিসাব নম্বরটি বারবার যাচাই করে দিতে হবে। ইতিপূর্বে ভুল তথ্য এন্ট্রি দেওয়ার জন্য অনেকের একাউন্টে টাকা আসে নাই।</p> | <p>ভাতাভোগী নির্বাচনের জন্য পরিপত্র যথাযথভাবে অনুসরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>০১। ১-২০ তারিখের মধ্যে আবেদন গ্রহণ।<br/>           ০২। ২০-২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক যাচাই বাছাই করে ইউনিয়ন কমিটির মাধ্যমে উপজেলা কমিটিতে প্রেরণ।</p> <p>আবেদনকারীর সকল তথ্য এবং ব্যাংক হিসাব নম্বরটি নির্ভুলভাবে এন্ট্রি করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> | <p>ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ</p> <p>০১। মেয়র, গৌরীপুর পৌরসভা<br/>           ০২। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ।</p> <p>০১। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ।<br/>           ০২। পৌরসভা/ইউনিয়নের সকল উদ্যোক্তাবৃন্দ।<br/>           ০৩। তথ্য আপা প্রকল্পের প্রতিনিধি।</p> |

|   |  |   |
|---|--|---|
| <p><u>২০২৩-২০২৪ অর্থ বছরের নভেম্বর/২০২৩ ইং পর্যন্ত ভাতাভোগীর চূড়ান্ত অনুমোদন</u></p> <p>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে নভেম্বর/২৩ পর্যন্ত পৌরসভায় ৬৫ জন এবং ১০ টি ইউনিয়ন থেকে ৩০০জন মোট ৩৬৫ জনের নামের তালিকা পাওয়া যায়। তালিকাগুলো চূড়ান্ত অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। যা সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।</p> | <p>ভাতাভোগীর যাতে সঠিকভাবে ভাতা প্রাপ্ত হন সে লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার সিদ্ধান্ত গৃহিত হয়।</p> | <p>০১। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ।<br/>০২। পৌরসভা/ইউনিয়নের সকল উদ্যোক্তাবৃন্দ।</p> |
|---|--|---|


  
 (ফৌজিয়া নাজনীন)  
 উপজেলা নির্বাহী অফিসার  
 ও  
 সভাপতি  
 মা ও শিশু সহায়তা কর্মসূচী  
 গৌরীপুর, ময়মনসিংহ।

স্মারক নং-স্মারক নং-৩২.০১.৬১২৩.০০০.১১.০০১.২৩- ৯৪

তারিখ : ২৬/১১/২০২৩ খ্রিঃ।

সদস্য অবগতির জন্য অনুলিপি :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গৌরীপুর, ময়মনসিংহ।
- ০২। মেয়র, গৌরীপুর পৌরসভা, গৌরীপুর, ময়মনসিংহ।
- ০৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ময়মনসিংহ।
- ০৪। উপজেলা ....., অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ।
- ০৫। চেয়ারম্যান..... ইউপি (সকল), গৌরীপুর, ময়মনসিংহ।
- ০৬। জনাব ....., গৌরীপুর, ময়মনসিংহ।
- ০৭। অফিস কপি।

  
 (রেহানা আক্তার খাতুন)  
 উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
 ও  
 সদস্য সচিব  
 মা ও শিশু সহায়তা কর্মসূচী  
 গৌরীপুর, ময়মনসিংহ।